

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.tangail.gov.bd

নম্বর: ০৫.৪১.৯৩০০.০১০.০৯.০০৯.২৩.১৬৮১

তারিখ: ১৩ পৌষ ১৪৩০

২৮ ডিসেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠিতব্য টাঙ্গাইল দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে ভোটগ্রহণ দিনের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ০৬ জানুয়ারি ২০২৪ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ টা হতে ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত (১) লঞ্চ (২) স্পিডবোট (৩) ইঞ্জিন বোট (নির্দিষ্ট ব্লুটে চলাচলকারী ব্যতীত) ইত্যাদি চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

২। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন-এম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়াও স্থানীয় প্রয়োজনীয়তা ও বাস্তবতার নিরীখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আরও কতিপয় নৌযানের উপর নিষেধাজ্ঞা আরোপ অথবা নিষেধাজ্ঞা শিথিলযোগ্য।



২৮-১২-২০২৩

মোঃ কায়ছারুল ইসলাম

জেলা ম্যাজিস্ট্রেট ও রিটার্নিং অফিসার, দ্বাদশ
জাতীয় সংসদ নির্বাচন, টাঙ্গাইল।

ফোন: +৮৮০২৯৯৭৭১৪৯০২

ফ্যাক্স: +৮৮০২৯৯৭৭১৪৯০৩

ইমেইল:

dctangail@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.৯৩০০.০১০.০৯.০০৯.২৩.১৬৮১/১(৮)


তারিখ: ১৩ পৌষ ১৪৩০

২৮ ডিসেম্বর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

- ৩) পুলিশ সুপার, টাঙ্গাইল।
৪) উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৫) অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক/রাজস্ব/শিক্ষা ও তথ্য যোগাযোগ প্রযুক্তি/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৬) সিনিয়র জেলা নির্বাচন অফিসার, টাঙ্গাইল।
৭) উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, (সকল), টাঙ্গাইল।
৮) জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল (এ নিষেধাজ্ঞা বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)



২৮-১২-২০২৩

মোঃ কায়ছারুল ইসলাম
জেলা ম্যাজিস্ট্রেট ও রিটার্নিং অফিসার, দ্বাদশ
জাতীয় সংসদ নির্বাচন, টাঙ্গাইল।